২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) নিওক্লাসিক সাহিত্য বলতে কী বোঝো?

খ) ক্লাসিসিজমের তিনটি বাংলা প্রতিশব্দ লেখো।

গ) কোন শব্দ থেকে রোমান্টিসিজম শব্দের উদ্ভব ঘটেছে? কোন গ্রন্থে সর্বপ্রথম রোমান্টিসিজম শব্দটির উল্লেখ আছে?

ঘ) পাশ্চাত্য সাহিত্যে 'ন্যাচারালিজম' শব্দটি প্রথম উল্লেখ করেন কে? এর বাংলা প্রতিশব্দ কী?

ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যে রিয়ালিজমের ব্যবহার পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।

চ) ঔচিত্যবাদের প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।

ছ) রস কয়প্রকার ও কী কী?

জ) ধ্বনিবাদের প্রবর্তক কে? ধ্বনিবাদীদের মতে কাব্যের আত্মা কী?

ঝ) 'সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য' — সংক্ষেপে লেখো।

ঞ) জয়দেব কোন শতকের কবি? তিনি কোন রাজার সভাকবি ছিলেন?

[পরপৃষ্ঠায়]

ট) রবীন্দ্র জীবনদর্শন যা গীতাঞ্জলি পর্বের কবিতায় প্রকাশিত সে সম্পর্কে সাধারণ মানুষের অভিব্যক্তি কেমন?

ঠ) 'সে ঝড়ের মেঘের বিদ্যুৎ' — সে কে? তার প্রকৃতি কেমন?

ড) 'তার রং গৈরিক' — কার কথা বলা হয়েছে? কেনই বা একথা বলা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ক্লাসিসিজম ও রোমান্টিসিজম-এর দুটি করে বৈশিষ্ট্য লেখো।

খ) ক্লাসিক সাহিত্যের পঞ্চম লক্ষণ ঐতিহ্যের অনুবর্তন সংক্ষেপে আলোচনা করো।

গ) কাব্যসত্য সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

ঘ) "জয়দেবের কবিতা স্বর্ণহার বিদ্যাপতির কবিতা রুদ্রাক্ষ মালা" — সংক্ষেপে আলোচনা করো।

ঙ) 'রঞ্জন বিধাতার সেই হাসি' — বাক্যটির উৎস কী? বাক্যটির মাধ্যমে কী বোঝানো হয়েছে?

চ) "বুদ্ধদেব বসুর এ মত আমি গ্রহণ করতে পারি না" — কার লেখা কোন রচনার অংশ? কোন মত কেন তিনি গ্রহণ করতে পারেন নি — সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্য পাঠকের মনে" — আলোচনা করো।

খ) রোমান্টিকতা বলতে কী বোঝো? বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারার প্রচলন কোন সময় থেকে লক্ষ্য করা যায় — আলোচনা করো।

গ) "রঞ্জন যেন খানিকটা সন্দীপের মতো" — উৎস নির্দেশ পূর্বক প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

ঘ) "জগতের মধ্যে যা কিছু শুভ, সুন্দর ও প্রাণস্ফূর্ত, রবীন্দ্রকাব্যে তার প্রকাশ প্রথম থেকে শেষ পর্যন্ত অক্লান্ত ও অনবচ্ছিন্ন" — বাক্যটি কোথা থেকে নেওয়া হয়েছে? লেখক এই সত্যকে যেমনভাবে প্রতিষ্ঠিত করেছেন তা সংক্ষেপে প্রকাশ করো।

———————